



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।
www.atu.police.gov.bd



পিআর ৮১/২১

তারিখ: ০২ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ
১৮ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ


প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : এন্টি টেররিজম ইউনিট কর্তৃক আনসারুল্লাহ বাংলা টিম এর ০১ জন সদস্য গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর চৌকস দল গোপন সংবাদের ভিত্তিতে ১৭ অক্টোবর, ২০২১ খ্রি: তারিখ ১৭.১৫ ঘটিকার সময় বিশেষ অভিযান পরিচালনা করে শিবালয় থানার শিমুলিয়া মোড় হতে “আনসারুল্লাহ বাংলা টিম” এর ০১ (এক) সদস্যকে আটক করেছে। আটককৃত সদস্য হলো- মো: শামীম(২৭), পিতা: মো: শাহজাহান, মাতা: বুলবুলী বেগম, স্থায়ী ঠিকানা- গ্রাম: শিমুলিয়া, পোস্ট: বুতনী, থানা- শিবালয়, জেলা- মানিকগঞ্জ। সে দেবেন্দ্র বিশ্ববিদ্যালয় কলেজ, মানিকগঞ্জ এর মাস্টার্স এর শিক্ষার্থী। গ্রেফতারকালে এন্টি টেররিজম ইউনিট তার নিকট থেকে ০১টি এন্ড্রয়েড মোবাইল সেট এবং ০৬ টি উগ্রবাদী বই জব্দ করেছে।

গ্রেফতারকৃত মো: শামীম গাজওয়াতুল হিন্দ প্রতিষ্ঠার লক্ষ্যে অনলাইনে উগ্রবাদী প্রচারণাসহ রাষ্ট্রবিরোধী ষড়যন্ত্রের মাধ্যমে বাংলাদেশে খিলাফত প্রতিষ্ঠা করার উদ্দেশ্যে দীর্ঘদিন ধরে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছিল। সে সামাজিক যোগাযোগ মাধ্যমে রাষ্ট্র ও সরকার বিরোধী, ধর্মীয় উস্কানিমূলক ও উগ্রবাদী বিভিন্ন পোস্ট দিয়ে আসছিল। এটি মতবাদ প্রচারের মাধ্যমে অনলাইনে আনসারুল্লাহ বাংলা টিম এর পক্ষে সদস্য সংগ্রহের কাজ করে আসছিল। উগ্রবাদী বিভিন্ন বই ও বক্তৃতা অনলাইনে পোস্ট করে আগ্রহীদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষাসহ তাদের উগ্রবাদের দিকে আহ্বান করে আসছিল গ্রেফতারকৃত শামীম। আসামী ইতোপূর্বে গ্রেফতার হওয়া এটি সদস্যদের আইনী প্রক্রিয়ায় মুক্তির জন্য অর্থ সংগ্রহ করে তা সাংগঠনিক অন্যান্য সঙ্গীদের প্রেরণ করত।

গ্রেফতারকৃত মো: শামীম(২৭) এর বিরুদ্ধে মানিকগঞ্জ, শিবালয় থানায় সম্ভ্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী ২০১৩)-এর ৭(৩)/৮/৯(৩)/১০/১২/১৩ ধারায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে। তার বিষয়ে পরবর্তী আইনানুগ কার্যক্রম প্রক্রিয়াধীন।


১৮/১০/২০২১

(মোহাম্মদ আসলাম খান)
পুলিশ সুপার
(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস)
এন্টি টেররিজম ইউনিট,
বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: atu.spma@police.gov.bd